

# জাবিতে অটোমেশন চালু করতে আট সদস্যের কমিটি

জাবি প্রতিনিধি

২২ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের মধ্যে



বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও শিক্ষার্থী-সংশ্লিষ্ট সব ব্যবস্থা স্বয়ংক্রিয়করণের (অটোমেশন) লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) আট সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসানের সভাপতিত্বে গত সোমবার সন্ধিয়া অনুষ্ঠিত প্রশাসনিক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। শিক্ষার্থীদের দুর্ভোগ কর্মাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা স্বয়ংক্রিয়করণের (অটোমেশন) মাধ্যমে আধুনিকীকরণ ও যুগোপযোগী করার লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

UNIBOTS

আট সদস্যবিশিষ্ট কমিটিতে ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. ছালেহ আহমদ খানকে সভাপতি এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজাকে সচিব করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন- উপ-উপাচার্য (শিক্ষা) ও পরিচালক, আইসিটি সেল (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, সিএসই বিভাগের অধ্যাপক ড. আবু সাইদ মো. মোস্তাফিজুর রহমান, অধ্যাপক ড. মো. মুশফিক আনোয়ার, আইআইটি'র অধ্যাপক মো. ফজলুল করিম পাটোয়ারী, অধ্যাপক ড. শামীম আল মামুন এবং সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মো. রাফাসন জানি। উক্ত কমিটিকে পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে একটি বাস্তবমুখী, টেকসই ও গতিশীল কর্মপরিকল্পনা (রোডম্যাপ) তৈরি করার নির্দেশনা দেওয়া হয়েছে। এদিকে, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিস, কেন্দ্রীয় গ্রন্থাগার, রেজিস্ট্রার অফিস ও পরিবহন অফিসের যাবতীয় কার্যক্রমে অটোমেশন প্রক্রিয়া চালুর দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'র ব্যানারে সোমবার নতুন রেজিস্ট্রার ভবনের সামনে দিনভর অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জাবি শাখার সদস্য সচিব তৌহিদ সিয়াম বলেন, শিক্ষার্থীদের দীর্ঘদিনের ভোগান্তি কমানোর উদ্দেশ্যে এবং জাবিকে একটি ডিজিটাল ইউনিভার্সিটি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গত সোমবার টানা ১২ ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করি আমরা। আমরা প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানাচ্ছি।